গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০-৭২৮ তারিখ: ২৩/০৬/২০২১ খ্রি.

**বিষয়: ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণি পর্যন্ত এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ (সপ্তম সপ্তাহের জন্য) প্রেরণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষার্থীকে শিক্ষা ব্যবস্থার সাথে সম্পৃক্ত রাখতে ২০২০ শিক্ষাবর্ষের ন্যায় ২০২১ শিক্ষাবর্ষের এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ নির্ধারণ করা হয়েছে। মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীর জন্য নির্ধারণকৃত সপ্তম সপ্তাহের এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ প্রেরণ করা হলো। উল্লেখ্য, কোভিড-১৯ অতিমারির কারণে দেশের যে সকল এলাকা কঠোর লকডাউন/বিধি-নিষেধের আওতায় রয়েছে সে সকল এলাকার শিক্ষা প্রতিষ্ঠানসমূহে চলমান এ্যাসাইনমেন্ট বাস্তবায়নের ক্ষেত্রে স্থানীয় জেলা/উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় করে সংশ্লিষ্ট মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাবৃন্দ প্রতিষ্ঠান প্রধানদের সাথে আলোচনার মাধ্যমে বাস্তব ভিত্তিক পদক্ষেপ গ্রহণ করবেন। যে কোনো পদক্ষেপ গ্রহণের ক্ষেত্রে স্বাস্থ্যবিধির নির্দেশনাসমূহ যেন কোনো ভাবেই উপেক্ষিত না হয়।

এমতাবস্থায়, ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণির সপ্তম সপ্তাহের এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ **সকল শিক্ষার্থীদের প্রদান ও গ্রহণের ক্ষেত্রে যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক** প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্ত: এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ (সপ্তম সপ্তাহের জন্য)**

[illegible] ২৩/০৬/২০২১

**(প্রফেসর মোহাম্মদ বেলাল হোসাইন)**
পরিচালক (মাধ্যমিক)
ফোন: ৯৫৫৪৫৬৫

**বিতরণ:**
১। উপপরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
২। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা
৩। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা/থানা
৪। অধ্যক্ষ/প্রধান শিক্ষক.....................................

**অনুলিপি ও সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. জেলা প্রশাসক, সকল জেলা
৩. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
[এ্যাসাইনমেন্টটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
৪. উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা
৫. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৬. সংরক্ষণ নথি

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৬ষ্ঠ** **বিষয়: গণিত**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| **এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২** | **প্রথম অধ্যায়:** স্বাভাবিক সংখ্যা ও ভগ্নাংশ | ১.১ অঙ্ক পাতন<br>১.২ দেশীয় সংখ্যা পঠন রীতি<br>১.৩ আন্তর্জাতিক গণনা পদ্ধতি<br>১.৪ দেশীয় ও আন্তর্জাতিক গণনা রীতির পারস্পরিক সম্পর্ক<br>১.৫ মৌলিক ও যৌগিক সংখ্যা<br>১.৬ সহমৌলিক সংখ্যা<br>১.৭ বিভাজ্যতা<br>১.৮ গরিষ্ঠ সাধারণ গুণনীয়ক<br>১.৯ লঘিষ্ঠ সাধারণ গুণিতক<br>১.১০ গ.সা.গু ও ল. সা. গু এর মধ্যে সম্পর্ক<br>১.১১ সাধারণ ভগ্নাংশ<br>১.১২ ভগ্নাংশের তুলনা<br>১.১৩ ভংগ্নাংশের যোগ ও বিয়োগ<br>১.১৪ ভগ্নাংশের গুণ<br>১.১৫ ভগ্নাংশের ভাগ<br>১.১৬ ভগ্নাংশের গুণনীয়ক ও গুণিতক<br>১.১৭ ভগ্নাংশের গ.সা.গু<br>১.১৮ ভগ্নাংশের ল.সাগু<br>১.১৯ ভগ্নাংশের সরলীকরণ<br>১.২০ দশমিক ভগ্নাংশের যোগ<br>১.২১ দশমিক ভগ্নাংশের বিয়োগ<br>১.২২ দশমিক ভগ্নাংশের গুণ<br>১.২৩ দশমিক ভগ্নাংশের ভাগ<br>১.২৪ দশমিক ভগ্নাংশের গ.সা.গু ও ল. সা গু | ০২। ৩০ মিটার লম্বা একটি দেয়ালের $৩\frac{২}{২৫}$ মিটার কালো, $৯\frac{১}{৪}$ মিটার লাল, $৪\frac{৩}{১০}$ মিটার হলুদ এবং $২\frac{১}{৪}$ মিটার কমলা রং করা হলো।<br>(ক) দেয়ালটির কালো রঙের অংশটি কোন ধরনের ভগ্নাংশ?<br>(খ) দেয়ালটির কালো এবং হলুদ অংশের গুণফল দশমিকে নির্ণয় কর।<br>(গ) দেয়ালটির কত অংশ রং করা বাকী রইল, তা নির্ণয় কর।<br>(ঘ) ৩০ − কালো অংশ ÷( লাল অংশ−হলুদ অংশ ) × কমলা অংশ = কত অংশ হবে, তা নির্ণয় কর। | ভগ্নাংশের যোগ,বিয়োগ, গুণ ও ভাগের নিয়ম অনুসরণ করে সমস্যাটি সমাধান করবে। | ক. ভগ্নাংশের প্রকার চিহ্নিতকরণ<br>খ. ভগ্নাংশের গুণফলকে দশমিকে রুপান্তরকরণ<br>গ. ভগ্নাংশের বিয়োগফল শিখন<br>ঘ. ভগ্নাংশের সরলীকরণ |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৭ম** **বিষয়: গণিত**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| **এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২** | **প্রথম অধ্যায়:**<br>মূলদ ও অমূলদ সংখ্যা | ১. সংখ্যার বর্গ ও বর্গমূল<br>২. উৎপাদক ও ভাগ প্রক্রিয়ার মাধ্যমে বর্গমূল<br>৩. সংখ্যার বর্গমূল নির্ণয়<br>৪. মূলদ ও অমূলদ সংখ্যা<br>৫. সংখ্যারেখায় মূলদ ও অমূলদ সংখ্যার অবস্থান | ১. তোমার পরিবারের দুইজন সদস্যের বয়স বছরে লিখ এবং তাদের বর্গমূল সংখ্যা রেখায় স্থাপন কর।<br>২. ২৪ ও ১৪৩ সংখ্যা দুইটির বর্গের সমষ্টির বর্গমূল নির্ণয় কর। আবার, সংখ্যা দুইটির বর্গের অন্তরের সাথে কোন ক্ষুদ্রতম সংখ্যা যোগ করলে যোগফল পূর্ণবর্গ সংখ্যা হবে, তা নির্ণয় কর। | ১. শিক্ষার্থীরা পরিবারের দুইজন সদস্যের বয়স লিখে তাদের বর্গমূল বের করে। সংখ্যারেখায় স্থাপন করবে।<br>২. সংখ্যা দুইটির বর্গের সমষ্টির বর্গমূল যে কোনো প্রক্রিয়ায় নির্ণয় করবে। অতঃপর সংখ্যাটি পূর্ণবর্গ করতে, সংখ্যা দুইটির বর্গের অন্তরের সাথে সঠিক প্রক্রিয়ায় ক্ষুদ্রতম সংখ্যাটি যোগ করবে। | ১.<br>* দুইজন সদস্যের বয়স লিখন<br>* সংখ্যা দুইটির বর্গমূল সংখ্যারেখায় স্থাপন<br>২.<br>* সংখ্যা দুইটির বর্গ নির্ণয়<br>* বর্গের সমষ্টির বর্গমূল নির্ণয়<br>* ক্ষুদ্রতম সংখ্যাটি নির্ণয় |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৮ম** **বিষয়: গণিত**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| **এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২** | **চতুর্থ অধ্যায়:** বীজগণিতীয় সূত্রাবলী ও প্রয়োগ | ৪.১ বীজগণিতীয় সূত্রাবলী<br>৪.২ ঘনফলের সূত্রাবলী ও অনুসিদ্ধান্ত<br>৪.৩ ঘনফলের সাথে সম্পৃক্ত আর ও দুইটি সূত্র<br>৪.৪ উৎপাদকে বিশ্লেষণ<br>৪.৫ $x^2 + px + q$ আকারের রাশির উৎপাদক।<br>৪.৬ $ax^2 + px + c$ আকারের রাশির উৎপাদক<br>৪.৭ বীজগণিতীয় রাশির গ. সা. গু ও ল. সা. গু<br>৪.৭.১ গরিষ্ঠ সাধারণ গুণনীয়ক (গ.সা.গু)<br>৪.৭.২ লঘিষ্ঠ সাধারণ গুণিতক (ল.সা.গু) | $A = p + q + r, a - \frac{1}{a} = 1$<br>এবং $M = x^2 + x(2a + 5) + (a^2 + 5a + 6)$ তিনটি বীজগাণিতিক রাশি।<br>(ক) $A$ কোনো বর্গের প্রতিবাহুর পরিমাপ হলে ঐ বর্গক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয় কর।<br>(খ) দেখাওযে, $\frac{a}{a^2+3a-1} = \frac{1}{4}$<br>(গ) দেখাও যে $A^3 \neq (p + q)^3 + r^3$<br>(ঘ) $M$ কে দুইটি বর্গের অন্তররূপে প্রকাশ কর। | গণিত পাঠ্যবইয়ের ৪র্থ অধ্যায়ে আলোচিত বীজগণিতীয় বর্গের সূত্র ও তার সম্প্রসারণ ও ঘনফলের সূত্র এবং উৎপাদকে বিশ্লেষণের ধারণা নিয়ে সমস্যাগুলো সমাধান করবে। | ক.<br>১. বীজগণিতীয় সূত্রের প্রয়োগ।<br>খ.<br>১. বীজগণিতীয় রাশির পুনর্বিন্যাস করে মান নির্ণয়।<br>গ.<br>১. ঘনরাশিতে সূত্রের প্রয়োগ।<br>২. দুইটি রাশির তুলনা করে সিদ্ধান্ত গ্রহণ।<br>ঘ.<br>১. উৎপাদকে বিশ্লেষণ<br>২. সূত্রের সাহায্যে বর্গের অন্তর ফলরূপে প্রকাশ। |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** **বিষয়: গণিত**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| **এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২** | **তৃতীয় অধ্যায়:** বীজগাণিতিক রাশি | • বীজগাণিতিক রাশি<br>• বর্গসংবলিত সূত্রাবলি<br>• ঘনসংবলিত সূত্রাবলি<br>• উৎপাদকে বিশ্লেষণ<br>• বাস্তব সমস্যা সমাধানে বীজগাণিতক সূত্রগঠন ও প্রয়োগ | কোভিড-১৯ মহামারী পরিস্থিতিতে কোনো এলাকার একটি যুবসংঘ, অসহায় 100 টি পরিবারের এক সপ্তাহ চলার মতো খাদ্য ও নিত্য প্রয়োজনীয় সামগ্রী বিতরণের উদ্দেশে 2,10,000 টাকার একটি বাজেট প্রণয়ন করলো। তাই প্রত্যেক সদস্য সমান চাঁদা প্রদান করার সিদ্ধান্ত নিলেন। কিন্তু চাঁদা দেওয়ার সময় 10 জন সদস্য চাঁদা দিতে ব্যর্থ হলেন। ফলে প্রত্যেক সদস্যের মাথাপিছু চাঁদার পরিমাণ 50 টাকা করে বেড়ে গেল।<br><br>**নিচের ধাপগুলোর সমাধান কর:**<br>**ধাপ ১:** যুবসংঘের সকল সদস্য চাঁদা প্রদান করলে, সদস্য সংখ্যাকে $x$ এবং সদস্যদের মাথাপিছু চাঁদার পরিমাণকে $a$ ধরে মোট চাঁদার পরিমানকে $x$ এর মাধ্যমে প্রকাশ কর।<br>**ধাপ ২:** 10 জন সদস্য চাঁদা না দেওয়ার ফলে মোট চাঁদার পরিমানকে $x$ এর মাধ্যমে প্রকাশ কর।<br>**ধাপ ৩:** ঐ যুবসংঘ সদস্যদের প্রত্যেকের মাথাপিছু চাঁদার পরিমান নির্ণয় কর।<br>**ধাপ ৪:** প্রত্যেক পরিবারের জন্য যুবসংঘের দেওয়া খাদ্য ও নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদি উদ্দীপকে উল্লিখিত সময়ের জন্য পর্যাপ্ত কী-না? ব্যাখ্যা কর। | • মাথাপিছু চাঁদার পরিমাণ নির্ণয়ে উৎপাদকে বিশ্লেষণ পদ্ধতি ব্যবহার করবে।<br>• প্রত্যেক পরিবারের দেওয়া সামগ্রীর অর্থের পরিমান নির্ণয় করে সংক্ষিপ্ত আকারে মতামত লিখবে। | • সমাধানের সঠিকতা<br>• যৌক্তিক মতামত |

## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৬ষ্ঠ** **বিষয়: ইসলাম ধর্ম ও নৈতিক শিক্ষা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২ | **দ্বিতীয় অধ্যায়:**<br>ইবাদত | **পাঠ-১:**<br>ইবাদতের ধারণা ও তাৎপর্য<br>**পাঠ-২:**<br>অপবিত্রতা<br>**পাঠ-৩:**<br>পবিত্রতা<br>**পাঠ-৪:**<br>ওজু<br>**পাঠ-৫:**<br>তায়াম্মুম<br>**পাঠ-৬:**<br>গোসল | প্রতিদিন সকালে ঘুম থেকে উঠে এবং রাতে ঘুমাতে যাওয়ার পূর্ব পর্যন্ত যে সকল ইবাদত করা যায়, তার একটি তালিকা তৈরি কর। | • ইবাদতের ধারণা ও প্রকারভেদ<br>• পবিত্রতার ধারণা(ওযু, তায়াম্মুম, গোসল)<br>• বিষয় শিক্ষক/ মাতা পিতা/ধর্মীয় জ্ঞান সম্পন্ন ব্যক্তিদের সাথে আলোচনা/সহায়ক বই পুস্তক/ ইন্টারনেটের সহযোগিতা গ্রহণ | **অতি উত্তম:**<br>• ইবাদতের ধারণা ও প্রকারভেদ অনুযায়ী ইবাদতের পরিপূর্ণ তালিকা প্রস্তুতকরণ<br>• তথ্য উপস্থাপনায় যথার্থতা ও ধারাবাহিকতা<br>• উপস্থাপনায় নিজস্বতা ও সৃজনশীলতা<br><br>**উত্তম:**<br>• ইবাদতের ধারণা ও প্রকারভেদ অনুযায়ী প্রস্তুতকৃত তালিকা অধিকাংশ ক্ষেত্রে পরিপূর্ণ<br>• তথ্য উপস্থাপনায় অধিকাংশ ক্ষেত্রে যথার্থতা ও ধারাবাহিকতা<br>• উপস্থাপনায় অধিকাংশ ক্ষেত্রে নিজস্বতাও সৃজনশীলতা<br><br>**ভালো:**<br>• ইবাদতের ধারণা ও প্রকারভেদ অনুযায়ী আংশিক তালিকা<br>• তথ্য উপস্থাপনায় আংশিক যথার্থতা ও ধারাবাহিকতা<br>• উপস্থাপনায় আংশিক নিজস্বতা ও সৃজনশীলতা<br><br>**অগ্রগতি প্রয়োজন:**<br>• ইবাদতের ধারণা ও প্রকারভেদ অনুযায়ী যথাযথ তালিকা প্রস্তুতকরণের অভাব<br>• তথ্য উপস্থাপনায় যথার্থতা ও ধারাবাহিকতার অভাব<br>• উপস্থাপনায় নিজস্বতা ও সৃজনশীলতার অভাব |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৭ম** **বিষয়: ইসলাম ধর্ম ও নৈতিক শিক্ষা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২ | দ্বিতীয় অধ্যায় | **পাঠ-১:**<br>সালাত<br>**পাঠ-২:**<br>বিভিন্ন প্রকারের সালাত<br>**পাঠ-৩:**<br>ঈদের সালাত | মনে কর তুমি ৭ম শ্রেণির একজন শিক্ষার্থী। নিয়মিত মসজিদে গিয়ে জামা'আতের সাথে পাঁচ ওয়াক্ত সালাত আদায় কর। নিচে বর্ণিত অবস্থাগুলোর ক্ষেত্রে তুমি কীভাবে সালাত আদায় করবে বর্ণনা দাও।<br><br>**যেকোনো ৩টি বিষয়ের বর্ণনা লেখ:**<br>১। কোভিড-১৯ পরিস্থিতিতে (স্বাস্থ্যবিধি অনুসরণ করে)<br>২। সালাতে এক বা দু'রাকাত মাসবুক হলে।<br>৩। মুসাফির অবস্থায় মাগরিব, এশা ও ফজরের সালাত<br>৪। অসুস্থ অবস্থায় সালাত (যখন তুমি দাড়াতে বা বসতে পার না)। | • পাঠ্যবইয়ের অধ্যায় দুইয়ের সংশ্লিষ্ট পাঠের আলোকে বিষয়বস্তুর মৌলিক চাহিদাগুলো শনাক্ত করতে হবে।<br>• প্রয়োজনে সহায়ক পুস্তকের সাহায্য নেওয়া যেতে পারে।<br>• পরিবারের অন্যান্য সদস্যদের সাথে আলোচনা করে বিষয়ের সঠিকতা সম্পর্কে সম্যক ধারণা নেওয়া যেতে পারে।<br>• কোনো তথ্য উৎস থেকে অবিকল (হুবহু) কোনো তথ্য লিখে অ্যাসাইনমেন্ট জমা দেওয়া যাবে না।<br>• অ্যাসাইনমেন্ট অবশ্যই নিজ হাতে লিখে জমা দিতে হবে। | **অতি উত্তম:**<br>১. বিষয়বস্তু পূর্ণমাত্রায় সঠিক ও ধারাবাহিক<br>২. কুরআন ও হাদিসের উদ্বৃতি আরবিতে সঠিকভাবে লিখতে পারা<br>৩. লেখায় লক্ষনীয় মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br><br>**উত্তম:**<br>১. বিষয়বস্তু অধিকাংশক্ষেত্রে সঠিক ও ধারাবাহিক<br>২. কুরআন ও হাদিসের উদ্বৃতি আরবিতে অধিকাংশক্ষেত্রে সঠিকভাবে লিখতে পারা<br>৩. লেখায় আংশিক নিজস্বতা ও সৃজনশীলতা<br><br>**ভালো:**<br>১. বিষয়বস্তু সঠিক থাকলেও ধারাবাহিকতার অভাব<br>২. কুরআন ও হাদিসের উদ্বৃতি আংশিকভাবে আরবিতে লিখতে পারা<br>৩. লেখায় সামান্য মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br><br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১. বিষয়বস্তু সঠিকতা ও ধারাবাহিকতা<br>২. কুরআন ও হাদিসের উদ্বৃতি লিখতে না পারা<br>৩. লেখায় নিজস্বতা ও সৃজনশীলতা অনুপস্থিত |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৮ম** **বিষয়: ইসলাম ধর্ম ও নৈতিক শিক্ষা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২ | **দ্বিতীয় অধ্যায়:** ইবাদত | **পাঠ-১:**<br>যাকাত<br>**পাঠ-২:**<br>যাকাত ফরজ হওয়ার শর্ত<br>**পাঠ-৩:**<br>যাকাতের মাসারিফ<br>**পাঠ-৪:**<br>যাকাতের গুরুত্ব ও তাৎপর্য | তোমার চাচা প্রতি বছরেই একটি নির্ধারিত সময়ে তার অর্থের হিসাব-নিকাশ করেন। এ বছর হিসাব করে তিনি দেখতে পান যে, তার নগদ উদ্বৃত্তের পরিমাণ চার লক্ষ টাকা। তিনি শরিয়তের বিধান মতে কীভাবে যাকাত প্রদান করবেন তার উপর কর্ম পরিকল্পনা।<br><br>**সংকেত:**<br>১। যাকাত ফরজ হওয়ার শর্ত<br>২। প্রদেয় যাকাতের পরিমাণ নির্ধারণ<br>৩। তার এলাকায় যাদেরকে যাকাত দেয়া যায় এর তালিকা<br>৪। যাকাত হিসাবে তিনি কী কী দিতে পারে তার তালিকা | • পাঠ্যপুস্তক থেকে উক্ত বিষয়ে ধারণা নেয়া যেতে পারে<br>• প্রয়োজনে অভিভাবকের সহযোগিতা নেয়া যেতে পারে<br>• মোবাইল বা যে কোন ভার্চুয়াল মিডিয়ার মাধ্যমে বিষয় শিক্ষকের সাথে যোগাযোগ করা যেতে পারে<br>• ইন্টারনেটের সাহায্য নেয়া যেতে পারে<br>• এ্যাসাইনমেন্ট স্বহস্তে লিখতে হবে | **অতি উত্তম:**<br>১। কুরআন ও হাদিসের উদ্ধৃতি আরবিতে লিখা<br>২। ধারাবাহিকতা বজায় থাকা<br>৩। পর্যায় উপলব্ধি করে যৌক্তিক বিশ্লেষণ<br>৪। লেখায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>৫। বানান ও বাক্য গঠনে সঠিকতা<br><br>**উত্তম:**<br>১। কুরআন ও হাদিসের উদ্ধৃতির অনুবাদ<br>২। আংশিক ধারাবাহিকতা বজায় থাকা<br>৩। পর্যায় উপলব্ধি করে আংশিক যৌক্তিক বিশ্লেষণ<br>৪। লেখায় আংশিকমাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>৫। বানান ও বাক্য গঠনে সঠিকতা<br><br>**ভালো:**<br>১। কুরআন অথবা হাদিসের উদ্ধৃতির অনুবাদ<br>২। কিছুটা ধারাবাহিকতা বজায় থাকা<br>৩। পর্যায় উপলব্ধি করে আংশিক বিশ্লেষণ<br>৪। লেখায় আংশিকমাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>৫। বানান ও বাক্য গঠনে সঠিকতা<br><br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১। কুরআন অথবা হাদিসের উদ্ধৃতির অনুবাদের অভাব<br>২। ধারাবাহিকতা বজায় না থাকা<br>৩। পর্যায় উপলব্ধি করে বিশ্লেষণ না করা<br>৪। লেখায় নিজস্বতা ও সৃজনশীলতা না থাকা<br>৫। বানান ও বাক্য গঠনে সঠিকতা না থাকা |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৬ষ্ঠ** **বিষয়: হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২ | **দ্বিতীয় অধ্যায়:** ধর্মগ্রন্থ | **পাঠ ১:**<br>ধর্মগ্রন্থের ধারণা<br>**পাঠ ২ ও ৩:**<br>বেদের সাধারণ পরিচয়<br>**পাঠ ৪:**<br>বেদের শিক্ষা ও গুরুত্ব<br>পাঠ ৫: শ্রীমদ্ভগবদ্ গীতার পরিচয়<br>**পাঠ ৬:**<br>শ্রীমদ্ভগবদ্ গীতা ও শ্রীকৃষ্ণের মুখ নিঃসৃত বাণী<br>**পাঠ ৭:**<br>শ্রীমদ্ভগবদ্ গীতার গুরুত্ব | অনাসক্ত কর্ম সম্পর্কে শ্রীকৃষ্ণের বাণীসমূহ তোমার ব্যক্তি জীবনে কীভাবে প্রয়োগ করবে তার একটি বর্ণনা তুলে ধর।<br><br>**সংকেত:**<br>শ্রীকৃষ্ণের প্রাসঙ্গিক কয়েকটি বাণী ব্যবহার করে তার ভিত্তিতে লিখতে হবে। | শিক্ষার্থী লেখার ক্ষেত্রে পাঠ্যপুস্তক এবং পবিত্র ধর্মগ্রন্থ গীতার সাহায্য নিয়ে লিখবে।<br><br>*পারিবারিক অভিজ্ঞতা থেকে ধারণা নিয়ে লিখা যেতে পারে | **অতি উত্তম:**<br>১. পরিষ্কার ও সহজবোধ্য ভাষায় উপস্থাপন<br>২. বিষয়বস্তু প্রাসঙ্গিক (শ্রীকৃষ্ণের কয়েকটি বাণীর সঠিক ব্যবহার রয়েছে) ও ধারণার যৌক্তিক উপস্থাপন<br>৩. উপস্থাপনায় নিজস্বতা (নিজের ভাষায় লেখা)<br><br>**উত্তম:**<br>১. পরিষ্কার ও সহজবোধ্য ভাষায় উপস্থাপন<br>২. বিষয়বস্তু প্রাসঙ্গিক (শ্রীকৃষ্ণের কয়েকটি বাণীর ব্যবহার রয়েছে) তবে ধারণার যৌক্তিক উপস্থাপনা নেই<br>৩. উপস্থাপনায় নিজস্বতা<br><br>**ভালো:**<br>১. কিছু সহজ এবং জটিল ভাষার সংমিশ্রনে উপস্থাপন<br>২. বিষয়বস্তুতে প্রাসঙ্গিকতা রয়েছে (শ্রীকৃষ্ণের কয়েকটি বাণীর ব্যবহার রয়েছে) তবে কিছু অপ্রাসঙ্গিক কথা রয়েছে, ধারণার সঠিক ও যৌক্তিক উপস্থাপনা নেই<br>৩. উপস্থাপনায় বইয়ের ভাষা রয়েছে তবে কিছু নিজস্বতাও রয়েছে<br><br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১. ভাষা পরিষ্কার ও সহজবোধ্য নয়।<br>২. বিষয়বস্তুত মূলত অপ্রাসঙ্গিকতা, ধারণার সঠিক ও যৌক্তিক উপস্থাপনা নেই<br>৩. উপস্থাপনায় নিজস্বতার অভাব রয়েছে/ অনুকরণের ছাপ |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৭ম** **বিষয়: হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| **এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২** | **দ্বিতীয় অধ্যায়:** ধর্মগ্রন্থ | **পাঠ-১:** পুরাণ<br>**পাঠ-২:** পুরাণের বিষয়বস্তু<br>**পাঠ-৩:** ধর্মাচরণ ও নৈতিকতায় পুরাণ<br>**পাঠ-৪:** শ্রীশ্রীচণ্ডী<br>**পাঠ-৫:** শ্রীশ্রীচণ্ডী পূজার মাহাত্ম্য<br>**পাঠ-৬:** মহিষাসুর বধ<br>**পাঠ-৭:** শুম্ভ-নিশুম্ভ বধ<br>**পাঠ-৮:** শ্রীশ্রীচণ্ডীর শিক্ষা | ১। তোমার পাঠ্যবইয়ের ২য় অধ্যায় 'ধর্মগ্রন্থ' পাঠ করে তুমি কীভাবে নিজ পরিবার ও সমাজ সুন্দরভাবে গড়ে তুলতে পারবে তার উপর একটি প্রবন্ধ লেখ।<br><br>**সংকেত:**<br>১। ধর্মাচরণ ও নৈতিকতায় পুরাণ<br>২। শ্রী শ্রী চন্ডীর মাহাত্ম্য ও ঘটনাসমূহ<br>৩। পুরাণ ও শ্রী শ্রী চন্ডীর শিক্ষা ও প্রভাব | ১। উল্লেখযোগ্য ঘটনাসমূহের সংক্ষিপ্ত বর্ণনা করা যেতে পারে। যেমন (মহিষাসুর বধ, শুম্ভ-নিশুম্ভ বধ)।<br>২। প্রয়োজনে নিজের পাঠ্যপুস্তক ব্যতীত অন্য সহায়ক বই (উপরের/নিচের শ্রেণির) সাহায্য নেয়া যেতে পারে।<br>৩। পাঠ্যপুস্তকের প্রতিটি পাঠ ভালো ভাবে পড়তে হবে।<br>৪। বানান ও বাক্য গঠনে সচেতন হতে হবে।<br>৫। উপস্থাপনায় বৈচিত্র্য আনতে হবে। | **অতি উত্তম:**<br>১। বিষয়বস্তুর যথার্থতা রক্ষা<br>২। ২টি ঘটনা সঠিক তথ্যসহ উপস্থাপন<br>৩। উপস্থাপনায় লক্ষণীয়মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>৪। লক্ষণীয় মাত্রায় নান্দনিক ও বৈচিত্র্যপূর্ণ উপস্থাপন<br><br>**উত্তম:**<br>১। অধিকাংশ ক্ষেত্রে বিষয়বস্তুর যথার্থতা রক্ষা<br>২। ১ টি ঘটনা সঠিক তথ্যসহ উপস্থাপন<br>৩। উপস্থাপনায় অধিকাংশ ক্ষেত্রে নিজস্বতা ও সৃজনশীলতা<br>৪। নান্দনিক ও বৈচিত্র্যপূর্ণ উপস্থাপন<br><br>**ভালো:**<br>১। বিষয়বস্তুর যথার্থতার অভাব<br>২। আংশিক তথ্যসহ উপস্থাপন<br>৩। উপস্থাপনায় আংশিক নিজস্বতা ও সৃজনশীলতা<br>৪। আংশিক নান্দনিক ও বৈচিত্র্যপূর্ণ উপস্থাপন<br><br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১। বিষয়বস্তুর যথার্থতার অভাব<br>২। কম তথ্যসহ উপস্থাপন<br>৩। উপস্থাপনায় নিজস্বতা ও সৃজনশীলতার অভাব<br>৪। নান্দনিক ও বৈচিত্র্যপূর্ণ উপস্থাপনের অভাব |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৮ম** **বিষয়: হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২ | **দ্বিতীয় অধ্যায়:** ধর্মগ্রন্থ | পাঠ-১:<br>বৈদিক সাহিত্যের পরিচয়<br>পাঠ-২:<br>চর্তুবেদের বিষয়বস্তু<br>পাঠ-৩:<br>ধর্মাচরণে চতুর্বেদের প্রভাব<br>পাঠ-৪ :<br>শ্রীমদ্‌ভবদ্ গীতার বিষয়বস্তু<br>পাঠ-৫:<br>শ্রীমদ্‌ভবদ্ গীতায়-চর্তুবর্ণ,কর্তব্য পালন সাম্য ও ভক্তি<br>পাঠ-৬:<br>জীবনাচরণ ও চরিত্র গঠনে শ্রীমদ্‌ভবদ্ গীতা শিক্ষা | 'বংশ মর্যাদা নয় কর্মই মানুষকে সমাজে প্রকৃত মানুষ হিসেবে প্রতিষ্ঠিত করে'- তোমার সমাজের কয়েকজন মানুষের উদাহরণ দিয়ে এই মন্তব্যের পক্ষে/বিপক্ষে যুক্তি উপস্থাপন করো। | ১। গীতায় ভগবান শ্রীকৃষ্ণের বর্ণ সম্পর্কে বক্তব্য<br>২। সমাজে প্রচলিত বর্ণ প্রথার রূপ<br>৩। সমাজে প্রচলিত বর্ণ প্রথা থেকে বেরিয়ে আসার ক্ষেত্রে তোমার ভূমিকা/পদক্ষেপসমূহ। | **অতি উত্তম:**<br>১। বিষয়বস্তু যথার্থভাবে উপস্থাপন<br>২। তথ্য বিন্যাস ও উপস্থাপনায় সঠিকতা<br>৩। উপস্থাপনায় সৃজনশীল হবে<br>৪। স্বকীয়তা/নিজস্বতার প্রকাশ<br>৫। ধারাবাহিকতা বজায় থাকবে<br><br>**উত্তম:**<br>১। বিষয়বস্তু অধিকাংশ ক্ষেত্রে যথার্থভাবে উপস্থাপন<br>২। অধিকাংশ ক্ষেত্রে সঠিক তথ্য বিন্যাস ও উপস্থাপনা<br>৩। স্বকীয়তা/নিজস্বতার প্রকাশ<br>৪। অধিকাংশ ক্ষেত্রে সৃজনশীলতার প্রকাশ<br>৫। বিষয়বস্তুর ধারাবাহিকতা<br><br>**ভালো:**<br>১। বিষয়বস্তু যথার্থভাবে উপস্থাপন নাও থাকতে পারে<br>২। তথ্য বিন্যাস ও উপস্থাপনায় আংশিক সঠিকতা<br>৩। সৃজনশীলতায় আংশিক দক্ষতা<br>৪। ধারাবাহিকতা ও নিজস্বতার অভাব<br><br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১। বিষয়বস্তু যথার্থভাবে উপস্থাপনার অভাব<br>২। তথ্য বিন্যাসের সঠিকতার অভাব<br>৩। সৃজনশীলতার অভাব<br>৪। ধারাবাহিকতার অভাব<br>৫। নিজস্বতার অভাব |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৬ষ্ঠ** **বিষয়: খ্রিষ্ট ধর্ম ও নৈতিক শিক্ষা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| **এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২** | **প্রথম অধ্যায়:**<br>ঈশ্বরকে জানা | **পাঠ ৩:**<br>মানুষের প্রতি ঈশ্বরের ভালোবাসা<br>**পাঠ ৪:**<br>সৃষ্টির মধ্য দিয়ে ঈশ্বরের ও মানুষের প্রতি ভালোবাসা | "ব্যক্তি ও পরিবেশের যত্নের মধ্য দিয়ে ঈশ্বরের সান্নিধ্য বা নৈকট্য লাভ করা যায়।" বিষয়টির উপর একটি প্রবন্ধ লিখ (৩০০ শব্দ)।<br><br>**সংকেত:**<br>ক) পরিবারের যত্নে করণীয়<br>খ) প্রতিবেশির যত্নে করণীয়<br>গ) পরিবেশের যত্নে দায়িত্ব<br>ঘ) পারিপার্শ্বিক অবস্থা বিবেচনা করে সৃষ্টিকে ভালোবাসার মাধ্যমে ঈশ্বরের নৈকট্য অনুধাবন এর উদাহরণ<br>ঙ) উপসংহার | ১। ঈশ্বর সৃষ্টির মাঝে নিজেকে প্রকাশ করেন।সে বিষয়ে পাঠ্যপুস্তক/শিক্ষক/ ধর্মীয় গুরুজন/পিতামাতার নিকট থেকে ধারণা লাভ করা<br><br>২। অসহায় মানুষকে সেবা করে/সাহায্য করে তাদের মানসিক তৃপ্তির ভাবটি উপলব্ধি করা | **অতি উত্তম:**<br>১. পরিপূর্ণমাত্রায় বিষয়বস্তুর সবগুলো সংকেত সঠিক ও ধারাবাহিক<br>২. তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি পাঠ্যপুস্তকের সাথে সম্পূর্ণ সঙ্গতিপূর্ণ<br>৩. লেখায় লক্ষণীয়মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা (ভাষা ও বিষয়বস্তু)<br><br>**উত্তম:**<br>১. অধিকাংশ ক্ষেত্রে বিষয়বস্তু সঠিক ও ধারাবাহিক<br>২. তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি পাঠ্যপুস্তকের সাথে অধিকাংশ ক্ষেত্রেই সঙ্গতিপূর্ণ<br>৩. লেখায় আংশিক নিজস্বতা ও সৃজনশীলতা<br><br>**ভালো:**<br>১. বিষয়বস্তুর সঠিকতা থাকলেও ধারাবাহিকতার অভাব<br>২. লেখায় তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি আংশিকভাবে সঙ্গতিপূর্ণ<br>৩. লেখায় সামান্য মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br><br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১. বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতার অভাব<br>২. লেখায় তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি সঙ্গতির অভাব<br>৩. লেখায় নিজস্বতা ও সৃজনশীলতা অনুপস্থিত |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৭ম** **বিষয়: খ্রিষ্ট ধর্ম ও নৈতিক শিক্ষা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| **এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২** | **দ্বিতীয় অধ্যায়:** ঈশ্বরের সৃষ্টি উত্তম | **পাঠ-১:** পৃথিবীতে মানুষ সৃষ্টির উদ্দেশ্য<br>**পাঠ-২:** সৃষ্টির মাঝে ঈশ্বরের আত্মপ্রকাশ<br>**পাঠ-৩:** প্রত্যেক সৃষ্টিই উত্তম | তোমার নিজের সৃষ্ট কর্মকে কেউ নষ্ট করলে, তুমি যেমন কষ্ট পাও, তেমনি মানুষ প্রতিনিয়ত যেভাবে ঈশ্বরের উত্তম সৃষ্টিকে ধ্বংস করছে- তাতে ঈশ্বরও কষ্ট পান- ঈশ্বরের সৃষ্টির উত্তমতা রক্ষা করতে তোমার ভূমিকা ব্যাখ্যা কর।<br><br>**সংকেত:**<br>ক) ঈশ্বরের সৃষ্টি কর্মের তালিকা<br>খ) সৃষ্টি ধ্বংসের উদাহরণ<br>গ) সৃষ্টির যত্ন | ১। উক্ত কাজটি অফসেট পেপারে অথবা তোমার ব্যবহৃত খাতার পৃষ্ঠায় করা যেতে পারে<br>২। এ্যাসাইনমেন্টে উল্লেখিত বিষয়ে রঙের বৈচিত্র্য আনা যেতে পারে<br>৩। প্রয়োজনে ছবি, চিত্র, পেপার কাটিং ইত্যাদি সংযোজন করা যেতে পারে<br>৪। নিজের পাঠ্যপুস্তক ও অন্য সহায়ক পুস্তকের (উপরের/নিচের শ্রেণির) অথবা পবিত্র বাইবেল থেকে সাহায্য নেয়া যেতে পারে<br>৫। শব্দ ব্যবহারে সাবলীল হতে হবে এবং হাতের লেখার স্পষ্টতা বাঞ্ছনীয় | **অতি উত্তম:**<br>১। বিষয়বস্তুর যথার্থতা ও ধারাবাহিকতা রক্ষা<br>২। উপস্থাপনায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>৩। নান্দনিক ও বৈচিত্র্যপূর্ণ উপস্থাপন<br>৪। বানান ও বাক্য গঠন ঠিক থাকা<br><br>**উত্তম:**<br>১। অধিকাংশ ক্ষেত্রে বিষয়বস্তুর যথার্থতা ও ধারাবাহিকতা রক্ষা<br>২। উপস্থাপনায় অধিকাংশ ক্ষেত্রে নিজস্বতা ও সৃজনশীলতা<br>৩। অধিকাংশ ক্ষেত্রে নান্দনিক ও বৈচিত্র্যপূর্ণ উপস্থাপন<br>৪। বানান ও বাক্য গঠন ঠিক থাকা<br><br>**ভাল:**<br>১। বিষয়বস্তুর যথার্থতা থাকলেও ধারাবাহিকতার অভাব<br>২। উপস্থাপনায় আংশিক ক্ষেত্রে নিজস্বতা ও সৃজনশীলতা<br>৩। আংশিক নান্দনিক ও বৈচিত্র্যপূর্ণ উপস্থাপন<br>৪। বানান ও বাক্য গঠন আংশিক ঠিক থাকা<br><br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১। বিষয়বস্তুর যথার্থতা ও ধারাবাহিকতার অভাব<br>২। উপস্থাপনায় নিজস্বতা ও সৃজনশীলতার অভাব<br>৩। নান্দনিক ও বৈচিত্র্যপূর্ণ উপস্থাপনার অভাব<br>৪। বানান ও বাক্য গঠন ঠিক না থাকা |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৮ম** **বিষয়: খ্রিষ্ট ধর্ম ও নৈতিক শিক্ষা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| **এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২** | **দ্বিতীয় অধ্যায়:**<br>ঈশ্বরের সৃষ্টির লালন | **পাঠ ১:**<br>সৃষ্টির লালন ও সংরক্ষণ<br>**পাঠ ২:**<br>পরিবেশ দূষণ<br>**পাঠ ৩:**<br>পরিবেশ দূষণমুক্ত রাখা<br>**পাঠ ৪:**<br>সৃষ্টিকে ভালোবাসার মাধ্যমে ঈশ্বরকে ভালোবাসা | "সৃষ্টিকে ভালোবাসার মাধ্যমে ঈশ্বরকে ভালোবাসা" এই বিষয়ে একটি প্রবন্ধ লিখ।<br><br>**সংকেত:**<br>১. সৃষ্টিকর্তাকে জানা ও ভালোবাসা<br>২. ঈশ্বরের সৃষ্টিকে ভালোবাসা ও যত্ন নেওয়া<br>৩. নিজের উত্তমতা ও সৌন্দর্যকে রক্ষা করা<br>৪. সৃষ্টির উত্তমতা রক্ষা করা | ১.পাঠ্যপুস্তক ভালো করে পড়তে হবে।<br>২. বাস্তব অভিজ্ঞতা পর্যালোচনা করে অনুভূতি বর্ণনা করতে পারা।<br>৩। ইন্টারনেট থেকে তথ্য নেওয়া যেতে পারে।<br>৪। অনলাইনে/ মোবাইলে শিক্ষক/সহপাঠীদের সাথে আলোচনা করা যেতে পারে। | **অতি উত্তম:**<br>১. বিষয়বস্তুর যথার্থতা ও ধারাবাহিকতা রক্ষা<br>২. উপস্থাপনায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>৩. খুবই নান্দনিক ও বৈচিত্র্যপূর্ণ উপস্থাপন<br>৪. বানান ও বাক্য গঠন ঠিক থাকা<br><br>**উত্তম:**<br>১. বিষয়বস্তুর যথার্থতা ও ধারাবাহিকতা রক্ষা<br>২. উপস্থাপনায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>৩. অধিকাংশ ক্ষেত্রে নান্দনিক ও বৈচিত্র্যপূর্ণ উপস্থাপন<br>৪. বানান ও বাক্য গঠনঠিক থাকা<br><br>**ভালো:**<br>১. বিষয়বস্তুর যথার্থতা থাকলেও ধারাবাহিকতার অভাব<br>২. উপস্থাপনায় আংশিক নিজস্বতা ও সৃজনশীলতার অভাব<br>৩. আংশিক নান্দনিক ও বৈচিত্র্যপূর্ণ উপস্থাপন<br>৪. বানান ও বাক্য গঠন আংশিক ঠিক থাকা<br><br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১. বিষয়বস্তুর যথার্থতা ও ধারাবাহিকতার অভাব<br>২. উপস্থাপনায় নিজস্বতা ও সৃজনশীলতার অভাব<br>৩. নান্দনিক ও বৈচিত্র্যপূর্ণ উপস্থাপনার অভাব<br>৪. বানান ও বাক্য গঠন ঠিক না থাকা |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৬ষ্ঠ** **বিষয়: বৌদ্ধ ধর্ম ও নৈতিক শিক্ষা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২ | **দ্বিতীয় অধ্যায়:**<br>বন্দনা | **পাঠ: ১**<br>বন্দনা ও বন্দনার সুফল<br>**পাঠ: ২**<br>বন্দনার নিয়মাবলি<br>**পাঠ: ৩**<br>বুদ্ধের দন্তধাতু বন্দনা<br>**পাঠ: ৪**<br>সপ্ত মহাস্থান বন্দনা<br>**পাঠ: ৫**<br>মাতৃ-পিতৃ বন্দনা | তোমার পরিবারে তোমরা প্রতিদিন সকাল সন্ধ্যা বাসায় বুদ্ধ প্রতিবিম্বের সামনে বসে বন্দনা করো। তোমার এই অভিজ্ঞতার আলোকে বন্দনার একটি চার্ট তৈরি করো।<br><br>**সংকেত:**<br>(ক) বন্দনার ৫টি প্রতি শব্দ উল্লেখ<br>(খ) ঘটনা ও পাঠ্যবিষয়ের সাদৃশ্যতা<br>(গ) চারিত্রিক বিশুদ্ধতার উল্লেখ<br>(ঘ) সমবেত বন্দনার সুফল | ১. এনসিটিবি কর্তৃক প্রণীত ২০২১ সালের বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ের ২য় অধ্যায়।<br>২. বিষয় শিক্ষকের পরামর্শ।<br>৩. পরিবারের বয়োজ্যেষ্ঠদের সাথে আলোচনা।<br>৪. ইন্টারনেট থেকে তথ্য সংগ্রহ। | **অতি উত্তম:**<br>১. পরিপূর্ণতায় বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতা<br>২. তথ্য, ধারণা ইত্যাদি পাঠ্যপুস্তকের সাথে সম্পূর্ণ সংগতিপূর্ণ<br>৩. লেখার সৃজনশীলতা<br>৪. প্রতিশব্দের যথার্থতা<br><br>**উত্তম:**<br>১. বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতা<br>২. তথ্য ধারণা অধিকাংশই পাঠ্যপুস্তকের সাথে সংগতিপূর্ণ<br>৩. প্রতিশব্দ অধিকাংশই সঠিক<br><br>**ভালো:**<br>১. বিষয়বস্তুর সঠিকতা থাকলেও ধারাবাহিকতার অভাব<br>২. তথ্য, ধারণা আংশিকভাবে সংগতিপূর্ণ<br>৩. প্রতিশব্দ আংশিক সঠিক<br><br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১. বিষয়বস্তুর সঠিকতার ও ধারাবাহিকতার অভাব<br>২. তথ্য, ধারনা পাঠ্যপুস্তকের সাথে সংগতিপূর্ণ নয়<br>৩. প্রতিশব্দসমূহ সঠিক নয় |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৭ম** **বিষয়: বৌদ্ধ ধর্ম ও নৈতিক শিক্ষা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| **এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২** | **দ্বিতীয় অধ্যায়:**<br>বন্দনা | **পাঠঃ ১**<br>ত্রিরত্ন বন্দনা ও তাৎপর্য<br>**পাঠঃ ২**<br>ত্রিরত্ন বন্দনার নিয়মাবলি<br>**পাঠঃ ৩**<br>ত্রিরত্ন বন্দনা(পালি ও বাংলা) | সানি বড়ুয়া প্রতিদিন সকাল-সন্ধ্যা দুই বেলা বন্দনা করেন। বন্দনা করার পূর্বে ও পরে তিনি কিছু নিয়মনীতি পালন করেন। তুমি যখন বন্দনা কর তখন বন্দনা করার পূর্বে কী কী কর এবং বন্দনা করার পরে কী কী কর তা ছক আকারে উপস্থাপন কর। | ১। পোস্টার পেপার অথবা ক্যালেন্ডারের উল্টা পৃষ্ঠায় অথবা খাতার পৃষ্ঠা জোড়া দিয়ে তালিকা তৈরি করা যেতে পারে।<br>২। নিজের পাঠ্যপুস্তকসহ প্রয়োজনে উপরের/নিচের শ্রেণির পাঠ্যপুস্তকের সাহায্য নেওয়া যেতে পারে।<br>৩। ইন্টারনেট, পত্র-পত্রিকা, পরিবারের সদস্যদের সাথে আলাপচারিতার মাধ্যমে বিভিন্ন তথ্য জেনে নেওয়া যেতে পারে। | **অতি উত্তম:**<br>১। পরিপূর্ণ মাত্রায় বিষয়বস্তুর যথার্থতা<br>২। বিষয়বস্তুর ধারাবাহিকতা<br>৩। বাক্য গঠন ও বানানের সঠিকতা<br>৪। উপস্থাপনায় লক্ষণীয়মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br><br>**উত্তম:**<br>১। অধিকাংশ ক্ষেত্রে বিষয়বস্তুর যথার্থতা<br>২। অধিকাংশ ক্ষেত্রে বিষয়বস্তুর ধারাবাহিকতা<br>৩। অধিকাংশ ক্ষেত্রে বাক্য গঠন ও বানানের সঠিকতা<br>৪। উপস্থাপনায় অধিকাংশ ক্ষেত্রে নিজস্বতা ও সৃজনশীলতা<br><br>**ভালো:**<br>১। বিষয়বস্তুর সঠিকতা<br>২। বিষয়বস্তুর ধারাবাহিকতা সঠিকভাবে উপস্থাপন<br>৩। কিছু ক্ষেত্রে বাক্য গঠন ও বানান ভুল<br><br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১। অধিকাংশ ক্ষেত্রে বিষয়বস্তুর সঠিকতার অভাব<br>২। অধিকাংশ ক্ষেত্রে বাক্য গঠন ও বানানের ভুল<br>৩। পাঠ্যপুস্তকের সাথে সংগতিপূর্ণ নয় |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৮ম** **বিষয়: বৌদ্ধ ধর্ম ও নৈতিক শিক্ষা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| **এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২** | **দ্বিতীয় অধ্যায়:**<br>বন্দনা | **পাঠ : ১**<br>ত্রিরত্ন বন্দনা ও নিয়মাবলি<br>**পাঠ: ২**<br>ত্রিরত্নের গুণাবলি<br>**পাঠ: ৩**<br>ত্রিরত্ন বন্দনা (পালি ও বাংলা)<br>**পাঠ: ৪**<br>ত্রিরত্ন বন্দনার সুফল | তোমাদের পরিবারে সকাল ও সন্ধ্যায় দু'বেলা বন্দনার পূর্বপ্রস্তুতি নেয়। ত্রিরত্ন বন্দনার নিয়মাবলির সাথে ত্রিরত্ন বন্দনা এবং তোমার দৃষ্টিতে এর প্রধান সুফলগুলো একটি পোস্টারে ধারাবাহিকভাবে উপস্থাপন কর।<br><br>**সংকেত:**<br>ক. ত্রিরত্ন বন্দনার নিয়মাবলি<br>খ. ত্রিরত্ন বন্দনা (পালি )<br>গ. তোমার দৃষ্টিতে গুরুত্বপূর্ণ সুফল | ১. পোস্টার পেপার অথবা ক্যালেন্ডারের অপর পৃষ্ঠায় অথবা পৃষ্ঠা জোড়া দিয়ে তালিকা তৈরি করা যেতে পারে।<br>২. প্রয়োজনে ছবি, চিত্র ও পেপার কাটিং ইত্যাদি সংযোজন করা যেতে পারে।<br>৩. প্রয়োজনে নিজের পাঠ্যপুস্তক ব্যতীত অন্য সহায়ক বই উপরের অথবা নিচের শ্রেণির বইয়ের সাহায্য নেয়া যেতে পারে।<br>৪. ইন্টারনেট, পত্র-পত্রিকার, পরিবারের বয়স্ক সদস্যদের সাথে মতামতের মাধ্যমে তথ্য জেনে নেয়া যেতে পারে। | **অতি উত্তম:**<br>১. বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতা<br>২. তথ্য, ধারণা ইত্যাদি পাঠ্যপুস্তকের সাথে সম্পূর্ণ সংগতিপূর্ণ<br>৩. লেখার সৃজনশীলতা ও নিজস্বতা<br>৪. সঠিক বানান ও বাক্য গঠন ঠিক থাকা<br><br>**উত্তম:**<br>১. বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতা<br>২.তথ্য ধারণা অধিকাংশই পাঠ্যপুস্তকের সাথে সংগতিপূর্ণ<br>৩. সঠিক বানান<br><br>**ভালো:**<br>১. বিষয়বস্তুর সঠিকতা থাকলেও ধারাবাহিকতার অভাব<br>২. তথ্য, ধারণা আংশিকভাবে সংগতিপূর্ণ<br>৩. লেখায় আংশিকমাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br><br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১. বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতার অভাব<br>২. তথ্য, ধারণা পাঠ্যপুস্তকের সাথে সংগতিপূর্ণ নয় |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** **বিষয়: রসায়ন বিজ্ঞান**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| **এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২** | দ্বিতীয় অধ্যায়: পদার্থের অবস্থা | • পদার্থ ও পদার্থের অবস্থা<br>• কণার গতিতত্ত্ব<br>• গতিতত্ত্ব ও পদার্থের ভৌত অবস্থা<br>• ব্যাপন ও নিঃসরণের বাস্তব ঘটনা<br>• ব্যাপন ও নিঃসরণ<br>• মোমবাতির জ্বলন ও মোমের তিন অবস্থা<br>• গলন ও স্ফূটন, বাষ্পীভবন, ঘনীভবন, ঊর্ধ্ব পাতন প্রক্রিয়া<br>• তাপমাত্রা বৃদ্ধিতে ব্যাপন হার বৃদ্ধি পরীক্ষা<br>• পাতন ও ঊর্ধ্ব পাতন | “**বালু মিশ্রিত খাবার লবণকে খাবার উপযোগী করা সম্ভব**”।<br>যে পদ্ধতিতে তুমি লবণকে খাবার উপযোগী করবে তার বিভিন্ন ধাপের বর্ণনা চিত্রসহ প্রতিবেদন আকারে লিখ। | • বাসায় কাজটি হাতে-কলমে সম্পন্ন করবে।<br>• প্রয়োজনে খাবার লবণের সাথে কিছু বালু মিশ্রিত করে নিতে হবে।<br>• সম্পন্ন ধাপগুলোর বর্ণনা করবে এবংচিত্র অংকন করবে। | **অতি উত্তম:**<br>• পদ্ধতির সঠিক নাম ও বিভিন্ন ধাপের চিত্রসহ বর্ণনা করতে পারলে।<br>• চিত্র ও বর্ণনা নান্দনিক হলে।<br>• বাক্য গঠনসহ প্রতিবেদন উপস্থাপনের ধারাবাহিকতা বজায় থাকলে।<br><br>**উত্তম:**<br>• পদ্ধতির সঠিক নাম ও বিভিন্ন ধাপের চিত্রসহ বর্ণনা করতে পারলে।<br>• বাক্য গঠনসহ প্রতিবেদন উপস্থাপনের ধারাবাহিকতা বজায় থাকলে।<br><br>**ভালো:**<br>• ধারাবাহিকতা ব্যতীত বিভিন্ন ধাপের চিত্রসহ বর্ণনা করতে পারলে।<br><br>**অগ্রগতি প্রয়োজন:**<br>• পদ্ধতির সঠিক নাম ও বিভিন্ন ধাপের চিত্রসহ বর্ণনার সঠিকতা না থাকলে। |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** **বিষয়: ব্যবসায় উদ্যোগ**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২ | প্রথম অধ্যায়: ব্যবসায় পরিচিতি | • ব্যবসায়ের ধারণা, ব্যবসায়ের উৎপত্তি ও ক্রমবিকাশ<br>• ব্যবসায়ের আওতা ও প্রকারভেদ<br>• ব্যবসায়ের গুরুত্ব<br>• শিল্প<br>• বাণিজ্য<br>• প্রত্যক্ষ সেবা<br>• ব্যবসায় পরিবেশ, বাংলাদেশে ব্যবসায়িক পরিবেশ | 'ব্যবসায় বিস্তারের ভিত্তি হলো ব্যবসায়িক পরিবেশ'- বিষয়টি নিয়ে একটি প্রতিবেদন তৈরি কর।<br><br>**সংকেত:**<br>• সূচনা<br>• ব্যবসায় পরিবেশের ধারণা<br>• ব্যবসায়ের ক্ষেত্রে বাংলাদেশের প্রাকৃতিক পরিবেশ<br>• সামাজিক পরিবেশ<br>• অর্থনৈতিক পরিবেশ<br>• উপসংহার | • পাঠ্যবইয়ের সংশ্লিষ্ট অধ্যায় ভালোভাবে পড়ে নিতে হবে।<br>• সম্ভব হলে বিভিন্ন পত্র-পত্রিকার সাহায্য নেয়া যেতে পারে।<br>• ভার্চুয়াল মিডিয়ার সাহায্যে শিক্ষকের পরামর্শ নেয়া যেতে পারে।<br>• ইন্টারনেটের সাহায্য নেয়া যেতে পারে। | **অতি উত্তম:**<br>• বিষয়বস্তুর সঠিকতা<br>• পাঠ্যবইয়ের ধারণার আলোকে সংশ্লিষ্ট বিষয়ের যথার্থ ব্যাখ্যা প্রদান<br>• যথার্থ যুক্তি প্রমাণ উপস্থাপন<br>• লেখায় লক্ষণীয় নিজস্বতা ও সৃজনশীলতা<br><br>**উত্তম:**<br>• বিষয়বস্তুর সঠিকতা<br>• পাঠ্যবইয়ের ধারণার আলোকে সংশ্লিষ্ট বিষয়ের যথার্থ ব্যাখ্যা প্রদান<br>• যুক্তি প্রমাণ মোটামুটি উপস্থাপন<br>• লেখায় নিজস্বতা ও সৃজনশীলতা লক্ষণীয় নয়<br><br>**ভালো:**<br>• বিষয়বস্তু সঠিক কিন্তু ধারাবাহিক নয়।<br>• পাঠ্য বইয়ের সংশ্লিষ্ট বিষয়ের মোটামুটি ব্যাখ্যা প্রদান।<br>• যুক্তি প্রমাণ মোটামুটি উপস্থাপন<br>• লেখার নিজস্বতা ও সৃজনশীলতার ঘাটতি<br><br>**অগ্রগতি প্রয়োজন:**<br>• বিষয়বস্তুর সঠিকতার অভাব<br>• পাঠ্যবইয়ের ধারণার আলোকে সংশ্লিষ্ট বিষয়ের কিছু ব্যাখ্যা প্রদান<br>• লেখায় নিজস্বতা ও সৃজনশীলতার অভাব |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** **বিষয়: ভূগোল ও পরিবেশ**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| **এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২** | দ্বিতীয় অধ্যায়: মহাবিশ্ব ও আমাদের পৃথিবী | • মহাকাশ ও মহাবিশ্ব<br>• নক্ষত্র<br>• নক্ষত্রমন্ডলী<br>• গ্যালাক্সি<br>• নীহারিকা<br>• ছায়াপথ<br>• উল্কা<br>• ধূমকেতু<br>• গ্রহ<br>• উপগ্রহ<br>• সূর্য<br>• সৌরজগৎ<br>• পৃথিবীর আকার-আকৃতি<br>• অক্ষরেখা, দ্রাঘিমা রেখা ও অন্যান্য গুরুত্বপূর্ণ রেখাসমূহ<br>• আন্তর্জাতিক তারিখ রেখা<br>• প্রতিপাদ স্থান<br>• পৃথিবীর গতি<br>• আহ্নিক গতি<br>• আহ্নিক গতির প্রমাণ<br>• আহ্নিক গতির ফল<br>• বার্ষিক গতি<br>• বার্ষিক গতির ফল<br>• বার্ষিক গতির প্রমাণ<br>• ঋতু পরিবর্তন<br>• ঋতু পরিবর্তনের কারণ<br>• ঋতু পরিবর্তন প্রক্রিয়া<br>• ঋতু পরিবর্তনের প্রভাব | সৌরজগতের চিত্র অঙ্কন কওে "পৃথিবী ও মঙ্গল গ্রহের বৈশিষ্ট্যের তুলনামূলক বিশ্লেষণ"– অনধিক ১০০ শব্দের একটি প্রতিবেদন লিখ।<br><br>**সংকেত:**<br>১। সূচনা<br>২। পৃথিবী ও মঙ্গল গ্রহের বৈশিষ্ট্য<br>৩। সৌরজগতের চিত্র<br>৪। উপসংহার | ১। পাঠ্যপুস্তকের সৌরজগতের বর্ণনা পড়ে নিতে হবে<br>২। সৌরজগৎ সংশ্লিষ্ট বইয়ের সাহায্য নেয়া যেতে পারে<br>৩। ইন্টারনেটের সাহায্য নেয়া যেতে পারে | **অতি উত্তম:**<br>১। পরিপূর্ণ ও যথাযথ বিষয়বস্তু উপস্থাপন<br>২। উপস্থাপনায় সৃজনশীলতা<br>৩। নান্দনিকচিত্র অঙ্কন<br><br>**উত্তম:**<br>১। পরিপূর্ণ ও যথাযথ বিষয়বস্তু উপস্থাপন<br>২। নান্দনিকচিত্র অঙ্কন<br><br>**ভালো:**<br>১। পরিপূর্ণ ও যথাযথ বিষয়বস্তু উপস্থাপন<br>২। চিত্র অঙ্কন<br><br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১। পরিপূর্ণ ও যথাযথ বিষয়বস্তুর অভাব<br>২। চিত্র অঙ্কনের অভাব |